# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৬১

৩/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১. যে পরিমাণ মালে যাকাত ওয়াজিব হয়।

باب مَا تَجِبُ فِيهِ الزَّكَاةُ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الأَنْصَارِيُّ، حَدَّثَنَا صُرَدُ بْنُ أَبِي الْمَنَازِلِ، قَالَ سَمِعْتُ حَبِيبًا الْمَالِكِيَّ، قَالَ قَالَ رَجُلٌ لِعِمْرَانَ بْنِ حُصَيْنٍ يَا أَبَا نُجَيْدٍ إِنَّكُمْ لَتُحَدِّثُونَنَا بِأَحَادِيثَ مَا نَجِدُ لَهَا أَصْلاً فِي الْقُرْآنِ . فَغَضِبَ عِمْرَانُ وَقَالَ لِلرَّجُلِ أَوَجَدْتُمْ فِي كُلِّ أَرْبَعِينَ دِرْهَمًا دِرْهَمٌ وَمِنْ كُلِّ كَذَا وَكَذَا شَاةً شَاةٌ وَمِنْ كُلِّ كَذَا وَكَذَا بَعِيرًا كَذَا وَكَذَا أَوَجَدْتُمْ هَذَا فِي الْقُرْآنِ قَالَ لاَ . قَالَ فَعَنْ مَنْ أَخَذْتُمْ هَذَا أَخَذْتُمُوهُ عَنَّا وَأَخَذْنَاهُ عَنْ نَبِيِّ اللَّهِ صلى الله عليه وسلم وَذَكَرَ أَشْيَاءَ نَحْوَ هَذَا .

বাংলা

১৫৬১. মুহাম্মাদ ইব্‌ন বাশাশার (রহঃ) .... নাসিরা ইব্‌ন আবুল মানযিল (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি হাবীব আল-মালিকীকে বলতে শুনেছিঃ একদা জনৈক ব্যক্তি ইম্‌রান ইবনু হুসায়েন (রাঃ)-কে বলেন, হে আবু নুজায়েদ! আপনারা এমন সব হাদীস বর্ণনা করেন যার ভিত্তি কুরআনের মধ্যে আমাদের দৃষ্টিগোচর হয় না। একথায় ইমরান (রাঃ) রাগান্বিত হয়ে তাকে বলেন, তোমরা কি কোরআনে এরূপ কোন নির্দেশ পেয়েছ যে, চল্লিশ দিরহামে এক দিরহাম যাকাত দিতে হবে? এত সংখ্যক ছাগলের জন্য একটি ছাগল যাকাত দিতে হবে? এত সংখ্যক উটের এত যাকাত দিতে হবে? অনুরূপ কোন নির্ধারিত নির্দেশ কুরআনে আছে কি? লোকটি বলল, না। তিনি বলেন, তোমরা এই যাকাতের বিস্তারিত নির্দেশ কোথায় পেয়েছে? তোমরা তা আমাদের নিকটে পেয়েছ এবং আমরা তা নবী করীম সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লামের নিকট পেয়েছি। তিনি এরূপভাবে অন্যান্য বিষয়ের কথাও উল্লেখ করেন।

## English

Habib al-Maliki said:
A man said to Imran ibn Husayn: AbuNujayd, you narrate to us traditions whose basis we do not find in the Qur'an.

Thereupon, Imran got angry and said to the man: Do you find in the Qur'an that one dirham is due on forty dirhams (as Zakat), and one goat is due on such-and-such number of goats, and one camel will be due on such-and-such number of camels?

He replied: No.

He said: From whom did you take it? You took it from us, from the Messenger of Allah (ﷺ).

He mentioned many similar things.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=33587

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন